# কালীগঞ্জ উপজেলা পরিষদের আগস্ট/২০২৪ মাসের সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব জহির ইমাম
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
কালীগঞ্জ, লালমনিরহাট।

সভার স্থান : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালীগঞ্জ, লালমনিরহাট।

সভার তারিখ : ২৯/০৮/২০২৪।

সময় : বেলা: ১১.৩০টায়।

উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

অনুপস্থিতি : পরিশিষ্ট 'খ'

সভার শুরুতে জনাব জহির ইমাম, উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে দাপ্তরিক কার্যক্রম সভায় উপস্থাপনের জন্য সকল বিভাগীয় প্রধানগণকে অনুরোধ জানিয়ে সভার কার্যক্রম পরিচালনা করেন।

০১। বিগত সভার কার্যবিবরণী অনুমোদন :

সভায় ৩১/০৭/২০২৪ তারিখে অনুষ্ঠিত জুলাই ২০২৪ মাসের সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

০২। বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত : বিভাগওয়ারী বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহিত হয়।

(i) স্বাস্থ্য বিভাগ :

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা তার দাপ্তরিক কার্যক্রম সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, বর্তমানে তার দপ্তরে ডাক্তারের মঞ্জুরীকৃত পদ ২৯টি, কর্মরত ১১জন এবং শূন্য পদ রয়েছে ১৮টি। হাসপাতালে নার্সের মঞ্জুরীকৃত পদ ৩৯টি কর্মরত ৩৮জন এবং শূন্য পদ ০১টি। বহি: বিভাগে চিকিৎসাপ্রাপ্ত রোগীর সংখ্যা ৩৮৪৯জন, জরুরী বিভাগে রোগীর সংখ্যা ২৩১৫জন এবং আন্ত: বিভাগে ভর্তি ৮৬৩জন। ইসিজি সেবা প্রদান ৬২জন এবং আলট্রাসনোগ্রাম ০জন, এক্স-রে পরীক্ষা ১৩৯জন, প্যাথলজিক্যাল পরীক্ষা ৪৩৫জন, স্বাভাবিক প্রসব ২৩জন, সিজারিয়ান ০জন এবং মাইনর সার্জারী ৩২৩জন।

সিদ্ধান্ত : উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট-কে স্বাস্থ্য সেবার মান উন্নয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

(ii) কৃষি বিভাগ :

উপজেলা কৃষি অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত করেন। কালীগঞ্জ উপজেলায় ১৭২৮০ হেক্টর জমির মধ্যে আমন ধান রোপন করা হয়েছে। যা ৯৮ ভাগ কুশি এবং ২ ভাগ পিআই অবস্থা বিরাজ করছে। সমস্ত রোপা আমন ধানের জমিতে সারের ১ম কিস্তি সম্পন্ন হয়েছে। ১৩০৫ হে: জমির আউশ ধান কর্তন সম্পন্ন হয়েছে যার গড় ফলন ৩.৩০মে. টন হে: এবং ৪০০ হে: জমির পাট কর্তন করা হয়েছে। বর্তমান সরকারের চাহিদা মোতাবেক ধান উৎপাদন হলেও প্রত্যেক বছর খাদ্য নিরাপত্তার জন্য অতিরিক্ত ৭ লক্ষ মে. টন ধান আমদানি করতে হয়। প্রণোদনা কর্মসূচির মাধ্যমে ২০২৩-২৪ অর্থ বছরের গম, ভুট্রা, সরিষা, চিনাবাদাম, শীতকালীন পেঁয়াজ ও মুগডাল ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ৫২১০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ করা হয়েছে। প্রণোদনা কর্মসূচির মাধ্যমে ২০২৩-২৪ অর্থ বছরের হাইব্রিড উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ৩২০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে, শীতকালীন পেঁয়াজ ও মুগডাল ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ৫২১০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে, প্রণোদনা কর্মসূচির আত্তায় ২০২৪-২০২৫ অর্থ বছরের খরিফ/২০২৪-২০২৫ অর্থ বছরে মৌসুমে পাট ফসল আবাদ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ৩৬০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে, উফশী আউশ ধানের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ৩৬০জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে এবং চলতি মৌসুমে ধানের উৎপাদন বৃদ্ধি অব্যাহত রাখতে ১৭০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে রোপা আমন ধানের সার ও বীজ বিতরণ করা হয়েছে। অনাবাদী পতিত জমিতে ৩২৪টি পারিবারিক পুষ্টি বাগান স্থাপন করা হয়েছে এবং ১.৫ কিলোমিটার রাস্তার ধারে সজিনার চারা রোপন করা হয়েছে। বজ্রপাতের রোধ থেকে রক্ষার নিমিত্ত ১০০টি তালের চারা রোপন করা হয়েছে। উপজেলা কৃষি অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট উপজেলা কৃষি অফিস চত্বরে সেবা প্রত্যাশী কৃষকদের জন্য একটি বিশ্রামাগার এবং একটি ওয়াশ রুমের বন্দোবস্ত করার জন্য অনুরোধ জানান। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে রয়েছে।

সিদ্ধান্ত : উপজেলা কৃষি অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট-কে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখার অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

(iii) প্রাণিসম্পদ বিভাগ :

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভায় অবহিত করেন। তিনি জানান যে, এ উপজেলায় আগস্ট/২০২৪ মাসে সংকর জাতের গবাদি পশুর বাছুরের সংখ্যা ২১৯টি ও গবাদী পশুর চিকিৎসা সংখ্যা ৫৩৬৪টি। টিকা প্রদানকারী গবাদী পশুর সংখ্যা ২৪৪৩টি। হাঁস-মুরগীর সংখ্যা ৬৩০০০টি। চিকিৎসা প্রদানকারী হাঁস-মুরগীর সংখ্যা ১১১৫১টি এবং পোষা প্রাণির চিকিৎসা প্রদান ০৩টি যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে। এছাড়া পশু-পাখির রোগ অনুসন্ধানে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ সংখ্যা ০৯টি, ডিজিজ সার্ভিলেন্স সংখ্যা ০২টি, খামারি প্রশিক্ষণ প্রদান সংখ্যা ০জন। এছাড়া তিনি আরও জানান যে, গতমাসে ১৬৪৪.৯ মেট্রিক টন দুধ ও ১৪৭.৪৭ মেট্রিক টন মাংস এবং ৪১ লক্ষমাত্রা ডিম উৎপাদন করা হয়েছে মর্মে সভায় জানান। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।

সিদ্ধান্ত : উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট-কে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখার অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

(iv) উপজেলা প্রকৌশলী :

(ক) উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরের এডিপি/উন্নয়ন তহবিলের আওতায় বিভিন্ন ইউনিয়ন হতে প্রকল্প বাস্তবায়নের জন্য চূড়ান্ত প্রকল্প তালিকা দাখিল করা হয়েছে মর্মে সভায় জানান এবং প্রকল্পসমূহ বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। বিস্তারিত আলোচনান্তে এডিপি/উন্নয়ন তহবিলের আওতায় দাখিলকৃত প্রকল্পসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। উল্লেখ্য যে, ১-২৪নং প্রকল্পসমূহ এডিপি'র বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বাস্তবায়ন করা হবে মর্মে সভায় অনুমোদন করা হয়। প্রকল্পসমূহ নিম্নরুপ:

| এডিপি'র চূড়ান্ত প্রকল্প তালিকা | | | |
|---|---|---|---|
| ক্র:নং | প্রকল্পের নাম | টাকার পরিমাণ | বাস্তবায়নে |
| ১. | ভোটমারী ইউনিয়নের ৮নং ওয়ার্ডের শ্রুতিধর মৌজায় নুর ইসলাম মাষ্টারের বাড়ী হতে রেল লাইন পর্যন্ত রাস্তায় এইচবিবিকরণসহ রাস্তার পার্শ্বে ০২টি পুকুরে প্যালাসাইডিং নির্মাণ। | ৮০০০০০.০০ | টেন্ডার |
| ২. | ভোটমারী ইউনিয়নের ডা: চন্দনা উচ্চ বিদ্যালয়ের শ্রেণি কক্ষের দরজা, জানালা নির্মাণ ও প্লাস্টারকরণ। | ২০০০০০.০০ | পিআইসি |
| ৩. | মদাতী ইউনিয়নের বাবুর হাট বাজারে অস্থায়ী ইউনিয়ন পরিষদ নির্মাণ। | ৬০০০০০.০০ | টেন্ডার |
| ৪. | মদাতী ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে গরীব ও দু:স্থ পরিবারের মাঝে নলকূপ বিতরণ। | ২০০০০০.০০ | পিআইসি |
| ৫. | মদাতী ইউনিয়নের ৫নং ওয়ার্ডেও জুরাবান্দা ফজরদী মাতবর এর বাড়ীর সাথে ইউড্রেন নির্মাণ। | ২০০০০০.০০ | টেন্ডার |
| ৬. | তুষভান্ডার ইউনিয়নের সুন্দ্রাহবি নেছাবিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনের রাস্তায় এইচবিবিকরণ। | ৬০০০০০.০০ | টেন্ডার |
| ৭. | তুষভান্ডার ইউনিয়নের কাঞ্চনশ্বর মৌজার আঙ্গুরের বাড়ী যাওয়া রাস্তায় এইচবিবিকরণ। | ৪০০০০০.০০ | টেন্ডার |
| ৮. | তুষভান্ডার ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে গরীব ও দু:স্থ মানুষের মাঝে নলকূপ বিতরণ। | ২০০০০০.০০ | পিআইসি |
| ৯. | দলগ্রাম ইউনিয়নের ৬নং ওয়ার্ডের দক্ষিণ দলগ্রাম বটতলা হতে পূর্ব দিকে ফরিদ ডাক্তারের বাড়ী পর্যন্ত রাস্তা এইচবিবিকরণ। | ৮০০০০০.০০ | টেন্ডার |
| ১০. | দলগ্রাম ইউনিয়নের ৪নং ওয়ার্ডের গরীব ও দু:স্থ পরিবারের মাঝে নলকূপ বিতরণ। | ২০০০০০.০০ | পিআইসি |
| ১১. | চন্দ্রপুর ইউনিয়নের ৪নং ওয়ার্ডের উত্তর বত্রিশ হাজারী মৌজার চাপারহাট উচ্চ বিদ্যালয়ে উঁচু-নীচু বেঞ্চ সরবরাহকরণ। | ৫০০০০০.০০ | টেন্ডার |
| ১২. | চন্দ্রপুর ইউনিয়নের জামেনা রওশন আরা মহিলা কলেজে উঁচু-নীচু বেঞ্চ সরবরাহকরণ। | ৫০০০০০.০০ | টেন্ডার |
| ১৩. | চন্দ্রপুর ইউনিয়ন পরিষদে ভিজিটিং চেয়ার ক্রয়। | ২০০০০০.০০ | পিআইসি |
| ১৪. | গোড়ল ইউনিয়ন পরিষদ মাঠে গোলঘর নির্মাণ। | ৪০০০০০.০০ | টেন্ডার |
| ১৫. | গোড়ল ইউনিয়নের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান/ক্লাবে খেলাধুলার সামগ্রী বিতরণ। | ২০০০০০.০০ | পিআইসি |
| ১৬. | গোড়ল ইউনিয়নের গান্ডার পাড় শ্বশান ও ৭নং ওয়ার্ডে টেপারহাট যাওয়া রাস্তায় প্যালাসাইটিং নির্মাণ। | ৪০০০০০.০০ | টেন্ডার |
| ১৭. | চলবলা ইউনিয়নের শিয়ালখোওয়া স্কুলের অফিস কক্ষে ডেক্সটপ কম্পিউটারসহ প্রিন্টার সরবরাহকরণ। | ১০০০০০.০০ | টেন্ডার |
| ১৮. | চলবলা ইউনিয়নের গরীব ও মেধাবী শিক্ষার্থীদের মাঝে বাইসাইকেল বিতরণ। | ২০০০০০.০০ | পিআইসি |
| ১৯. | চলবলা ইউনিয়নের নিথক মৌজায় চেয়ারম্যানের বাড়ী যাওয়ার রাস্তায় আরসিসিকরণ। | ৭০০০০০.০০ | টেন্ডার |
| ২০. | কাকিনা ইউনিয়ন পরিষদে হিসাব সহকারীর অফিস কক্ষে ল্যাপটপ, প্রিন্টার, অন্যান্যা সরঞ্জামাদিসহ সিসি ক্যামেরা ক্রয়। | ২০০০০০.০০ | পিআইসি |
| ২১. | কাকিনা ইউনিয়ন পরিষদের ওয়েটিং রুমের প্লাস্টার, দরজা-জানালা থাইকরণ এবং বৈদ্যুতিক সংযোগসহ অসামাপ্ত কাজ সমাপ্তকরণ। | ৮০০০০০.০০ | টেন্ডার |
| ২২. | চন্দ্রপুর ইউনিয়নের জামেনা রওশনা আরা মহিলা কলেজের আসবাবপত্র ক্রয়। | ৮০০০০০.০০ | আরএফকিউ |
| ২৩. | চন্দ্রপুর ইউনিয়নের জামেনা রওশনা আরা মহিলা কলেজের গেইট নির্মাণ। | ৮০০০০০.০০ | আরএফকিউ |
| ২৪. | তুষভান্ডার ইউনিয়নের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ফ্যান সরবরাহকরণ। | ২০০০০০.০০ | পিআইসি |
| | সর্বমোট= | ১০২০০০০০.০০ | |

| উন্নয়ন তহবিলের আত্ততায় প্রকল্প তালিকা | | | |
|---|---|---|---|
| নং | প্রকল্পের নাম | টাকার পরিমাণ | বাস্তবায়নে |
| ২৫. | কালীগঞ্জ উপজেলার দলগ্রাম ইউনিয়ন, চন্দ্রপুর ইউনিয়ন ও গোড়ল ইউনিয়নে মাদক বিরোধী কর্মশালার আয়োজনকরণ। | ৪০০০০০.০০ | আরএফকিউ |
| ২৬. | কালীগঞ্জ উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বিআরবি সিলিং ফ্যান বিতরণের জন্য ক্রয়। | ৪০০০০০.০০ | টেন্ডার |
| ২৭. | তুষভান্ডার ইউনিয়নের বানীনগর মৌজায় ভূট্টার ভাস্কর্য স্থাপন। | ৫০০০০০.০০ | টেন্ডার |
| ২৮. | কালীগঞ্জ উপজেলার আবাসন/আশ্রয়ণবাসীদের বিশুদ্ধ পানির জন্য নলকুপ সরবরাহকরণ। | ৫০০০০০.০০ | টেন্ডার |
| ২৯. | তুষভান্ডার পাবলিক লাইব্রেরী সংস্কার ও পুস্তক ক্রয়। | ৩০০০০০.০০ | আরএফকিউ |
| ৩০. | উপজেলা অফিসার্স ক্লাব সংস্কার ও আসবাবপত্র সরবরাহকরণ। | ১০০০০০০.০০ | আরএফকিউ |
| ৩১. | উপজেলা শিল্পকলা একাডেমী সংস্কার ও বাদ্যযন্ত্র ক্রয়। | ৫০০০০০.০০ | আরএফকিউ |
| ৩২. | উপজেলা ক্রীড়া সংস্থার ওয়াশরুম সংস্কার, ব্যাডমিন্টন ইন্টোরিয়ার ঘর সংস্কার ও মাঠ সংস্কার। | ৫০০০০০.০০ | আরএফকিউ |
| ৩৩. | কালীগঞ্জ উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বেঞ্চ সরবরাহকরণ। | ৫০০০০০.০০ | টেন্ডার |
| ৩৪. | উপজেলা পরিষদের নামফলক সম্বলিত তোরণ নির্মাণ। | ৫০০০০০.০০ | টেন্ডার |
| ৩৫. | উপজেলা ফায়ার সার্ভিস এর গ্যারেজ ও মসজিদ সংলগ্ন বারান্দা টাইলসকরণ। | ৩০০০০০.০০ | আরএফকিউ |
| ৩৬. | অফিসার ইনচার্জ, কালীগঞ্জ থানার অফিস কক্ষ সংস্কার, টাইলসকরণ, ইন্টোরিয়ারকরণ ও এসি ক্রয়। | ৭০০০০০.০০ | আরএফকিউ |
| ৩৭. | উপজেলার পার্শ্বে লালমনিরহাট-বুড়িমারী মহাসড়ক (ডিসি রোডে) ও বাজার এবং গুরুত্বপূর্ণ স্থানে উন্নতমানের সিসি ক্যামেরা স্থাপন। | ৫০০০০০.০০ | টেন্ডার |
| ৩৮. | কাকিনা ইউনিয়নের মহিষামুড়ী আশ্রয়ণ প্রকল্পের গেইট নির্মাণ। | ২০০০০০.০০ | পিআইসি |
| ৩৯. | ভোটমারী ইউনিয়নের শ্রুতিধর ৮নং ওয়ার্ডে মাষ্টারপাড়া জামে মসজিদ হতে মহুবরের বাড়ী পর্যন্ত রাস্তার দুই পার্শ্বে ইটের গাতুনীসহ মাটি ভরাটকরণ। | ৫০০০০০.০০ | আরএফকিউ |
| ৪০. | মদাতী ইউনিয়নের এ. এম রথবাড়ী বালিকা উচ্চ বিদ্যালয়ের জন্য আসবাবপত্র ক্রয়। | ৫০০০০০.০০ | আরএফকিউ |
| ৪১. | তুষভাণ্ডার ইউনিয়নের তুষভান্ডার মহিলা ডিগ্রী কলেজের গেইট নির্মাণ | ৫০০০০০.০০ | আরএফকিউ |
| ৪২. | দলগ্রাম ইউনিয়নের ৭নং ওয়ার্ডের কলাবাগান কাজীবাড়ী মসজিদ হতে ফকিরপাড়া মোড় পর্যন্ত রাস্তায় এইচবিবিকরণ। | ৭০০০০০.০০ | আরএফকিউ |
| ৪৩. | দলগ্রাম ইউনিয়ন পরিষদে আসবাবপত্র ক্রয়। | ২০০০০০.০০ | পিআইসি |
| ৪৪. | কালীগঞ্জ উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে স্ট্রীট লাইট স্থাপন। | ৭০০০০০.০০ | আরএফকিউ |
| ৪৫. | চন্দ্রপুর ইউনিয়নের চাপারহাট উচ্চ বিদ্যালয়ের সাইকেল গ্যারেজ নির্মাণ। | ৮০০০০০.০০ | আরএফকিউ |
| ৪৬. | চন্দ্রপুর ইউনিয়নের চাপারহাট উচ্চ বিদ্যালয়ের মাঠে মুক্ত মঞ্চ নির্মাণ। | ১০০০০০০.০০ | আরএফকিউ |
| ৪৭. | চন্দ্রপুর ইউনিয়ন পরিষদে ব্যবহারের জন্য ভিজিটিং চেয়ার ক্রয়। | ২০০০০০.০০ | পিআইসি |
| ৪৮. | বানীনগর উচ্চ বিদ্যালয়ের মুক্তমঞ্চের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ। | ৫০০০০.০০ | আরএফকিউ |
| ৪৯. | দুহুলী টেশনিক্যাল স্কুল এন্ড কলেজ সংস্কার। | ১৫০০০০.০০ | আরএফকিউ |
| ৫০. | উপজেলা সাবরেজিষ্টার অফিসের গেট নির্মান | ৩০০০০০.০০ | টেন্ডার |
| ৫১. | জেলা পরিষদ অডিটেরিয়াম এর পূর্ব পার্শ্বে কাঁটা-তারের রেডা নির্মাণ। | ২০০০০০.০০ | পিআইসি |
| ৫২. | তুষভান্ডার রমনী মোহন মেমোরিয়াল সরকারি উচ্চ বিদ্যালয় খেলার মাঠে মুক্ত মঞ্চ নির্মাণ। | ১০০০০০০.০০ | টেন্ডার |
| ৫৩. | কালীগঞ্জ উপজেলার গরীব ও মেধাবী শিক্ষার্থীদের মাঝে বাইসাইকেল বিতরণ। | ৫০০০০০.০০ | টেন্ডার |
| | সর্বমোট= | ১৩৯০০০০০.০০ | |

সিদ্ধান্ত : ২০২৪-২০২৫ অর্থ বছরের এডিপি'র প্রকল্পসমূহ এডিপি'র বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বাস্তবায়ন করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয় এবং বিভিন্ন ইউনিয়ন হতে উপস্থাপনকৃত উন্নয়ন তহবিলের আত্ততায় দাখিলকৃত প্রকল্পসমূহের অনুকূলে দ্রুত প্রাক্কলন প্রস্তুতপূর্বক বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট-কে অনুরোধ জানিয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

(খ) উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, এ উপজেলার বিভিন্ন ইউনিয়নে ক্ষতিগ্রস্ত রাস্তাসমূহ মেরামতের জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয় হতে তালিকা প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। তৎপ্রেক্ষিতে তিনি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে তার ইউনিয়নের ক্ষতিগ্রস্ত রাস্তাসমূহ মেরামতের জন্য দ্রুত তালিকা প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। সেইসাথে তিনি আরও জানান যে, উপজেলা পরিষদের আত্ততাধীন বিভিন্ন প্রকল্পের কাজ তদারকি করতে গিয়ে ১% তদারকি বিল এবং আনুষঙ্গিক ৫% অর্থ বরাদ্দ রাখার জন্য সভায় সকল সদস্যগণকে অনুরোধ জানান। বিস্তারিত আলোচনান্তে ১% তদারকি বিল এবং আনুষঙ্গিক ৫% অর্থ বরাদ্দের জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয়ে অনুমোদনের প্রয়োজন রয়েছে মর্মে সকল সদস্যগণ একমত পোষণ করেন।

সিদ্ধান্ত : উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট-কে ইউনিয়ন ভিত্তিক ক্ষতিগ্রস্ত রাস্তাসমূহ মেরামতের তালিকা প্রস্তুতপূর্বক স্থানীয় সরকার মন্ত্রণালয়ে প্রেরণ এবং উপজেলা পরিষদের আত্ততাধীন বিভিন্ন প্রকল্পের কাজের তদারকির নিমিত্ত ১% তদারকি বিল এবং আনুষঙ্গিক ৫% অর্থ বরাদ্দের জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয়ে অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

(গ) উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, উপজেলা পরিষদে আত্তাধীন দপ্তরসমূহ পুরাতন হওয়ায় মেরামত/ সংস্কার/নির্মাণ করণের জন্য প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে মর্মে সভায় উপস্থাপন করেন। উপস্থাপনকৃত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং স্থানীয় সরকার মন্ত্রণালয় হতে অতিরিক্ত বরাদ্দ প্রাপ্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট-কে সভায় অনুরোধ জানিয়ে সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। প্রকল্পসমূহ নিম্নরূপঃ

| ক্র: নং | প্রকল্পের নাম | টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | উপজেলা পরিষদ হলরুমের পাশে আইসিটি অফিস সংলগ্ন অফিস কক্ষে ওয়াশরুম মেরামত। | ৪,০০,০০০/- | |
| ২. | উপজেলা বনায়ন ও নার্সারী কেন্দ্র, কালীগঞ্জ, লালমনিরহাট এর ভবন মেরামত ও ওয়াশ রুম সংস্কার। | ১০,২৭,৭০৩/৯৬ | |
| ৩. | উপজেলা সমবায় ও যুব উন্নয়ন অফিস মেরামত/সংস্কার। | ৫,৩২,৪০২/৪৭ | |
| ৪. | উপজেলা পল্লী উন্নয়ন অফিস এর ভবন মেরামত/সংস্কার। | ৫,০২,২২৫/৮৪ | |
| ৫. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় মেরামত/সংস্কার। | ৮,৩১,৩৮৮/৬৫ | |
| ৬. | উপজেলা প্রকৌশলীর কার্যালয় মেরামত/সংস্কার। | ১০,০০,০০০/- | |
| ৭. | উপজেলা আবাসিক কোয়ার্টারের বাউন্ডারী ওয়াল মেরামত। | ২৩,০০,০০০/- | |
| ৮. | উপজেলা কৃষি অফিস চত্বরে সেবা গ্রহিতা কৃষকদের জন্য বিশ্রামাগার নির্মাণ। | ৫,০০,০০০/- | |
| ৯. | উপজেলা সমাজসেবা অফিসের রাস্তা আরসিসিকরণ/ভবন মেরামত। | ১৯,৪৮,৬৪২/- | |
| ১০. | উপজেলা পরিষদ চত্বরে ২৫টি দপ্তরের প্যানা লাইটিং সাইনবোর্ড তৈরী করণ। | ৯,০১,০০০/- | |
| ১১. | উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও কোয়ার্টার ভবনের সড়ক ইউনি ব্লকদ্বারা মেরামতকরণ। | ৮,৭৬,৯৮৫/- | |

সিদ্ধান্তঃ উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট-এর উপস্থাপনকৃত প্রকল্পসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয় এবং উল্লিখিত প্রকল্পসমূহ বাস্তবায়নের নিমিত্ত অতিরিক্ত বরাদ্দ প্রাপ্তির জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয়ে পত্র প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

(v) মৎস্য বিভাগ :

সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরের রাজস্ব বাজেটের আত্তায় অত্র উপজেলার মোট ১৩.৬৫হেঃ জলাশয়ে ৩৩৩.৩৩ কেজি রুই জাতীয় পোনা মাছ অবমুক্ত করা হয়েছে। এছাড়া তার বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।

সিদ্ধান্ত : সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট-কে তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ জানিয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

(vi) পরিবার পরিকল্পনা বিভাগ :

উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, পরিবার পরিকল্পনা এবং মা ও শিশু স্বাস্থ্য সংক্রান্ত কার্যক্রমের তথ্য উপস্থাপন করেন। স্থায়ী পদ্ধতি গ্রহণ করেছেন পুরুষ ০জন, মহিলা ০জন, দীর্ঘ মেয়াদী পদ্ধতি গ্রহণ করেছেন আই ইউ ডি ৪৫জন, ইমপ্ল্যান্ট ৯৪জন। অস্থায়ী পদ্ধতি (ক) খাবার বড়ি বিতরণ (সুখী) ৪৬৯৬চক্র, (খ) খাবার বড়ি বিতরণ (আপন) ১৫৩চক্র, কনডম ৭৫৫৭পিস, ইনজেকটেবলস ৭৩৯ (ভায়াল) বিতরণ করা হয়েছে। তিনি জানান মোট সক্ষম দম্পতি ৫৫৩৮৭জন এবং মোট পদ্ধতি গ্রহণকারী ৪৩৮২৫জন। পদ্ধতি গ্রহণকারীর হার ৭৯.১৩%। মা ও শিশু কার্যক্রম সম্পর্কে তিনি আরও জানান যে, নিবন্ধনকৃত গর্ভবতী মায়ের সংখ্যা পুরাতন ১৬৫৮জন, নতুন গর্ভবতী ২৪৩জন মোট গর্ভবতী ১৬৫৮জন এবং ১৪৫২জন গর্ভবর্তীর পরিচর্যা করা হয়েছে। ১৬৮জন নরমাল ডেলিভারী, সিজারিয়ান ৬৩জন এবং প্রাতিষ্ঠানিক ডেলিভারী ২৯জন। ০-৫ বছরের শিশুর সেবা প্রদান করা হয়েছে ২১৯৪জন। কিশোর-কিশোরী বয়ঃসন্ধিকাল সেবা দেয়া হয়েছে৬৬৬৪জনকে এবং সাধারণ রোগীর সেবা প্রদান করা হয়েছে ৩১৯৪জনকে। অত্র উপজেলায় ৫৩টি স্যাটেলাইট কমিউনিটি ক্লিনিকের মধ্যে সম্পাদিত হয়েছে ৩৬টি। তিনি আরও জানান যে, মাঠ পর্যায়ে বাড়ী বাড়ী দম্পতি রেজিস্ট্রেশন কার্যক্রম চলমান রয়েছে। বর্তমানে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে।

সিদ্ধান্ত : উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার-কে মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রম অব্যাহত রাখাসহ বিভাগীয় কর্যক্রম গতিশীল করার অনুরোধ জানিয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

(vii) উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ :

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, দূর্যোগ ব্যবস্থাপণা মন্ত্রণালয়ের অধীন ০৭টি ব্রীজের কাজ চলমান রয়েছে। টি,আর ও কাবিখা প্রকল্পের কাজ চলমান রয়েছে। ইজিপিপি অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি ১৫০৩জন উপকারভোগী ৩৩দিন করে কাজ সম্পন্ন হয়েছে এবং শ্রমিকদের বিল এজিটুপি পদ্ধতিতে পরিশোধ করা হয়েছে। এছাড়া এইচবিবি প্রকল্পের আত্তায় ০৭টি ব্রীজের টেন্ডার হয়েছে এবং ঠিকাদার নির্বাচন হয়েছে। গার্ডার ব্রীজের ০৭টির টেন্ডার কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভায় অবহিত করেন।

সিদ্ধান্ত : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট-কে গৃহিত প্রকল্পের সকল কাজ নজরদারি রাখাসহ দ্রুত সম্পন্নকরণের অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

(viii) মাধ্যমিক শিক্ষা বিভাগ :

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, বাংলাদেশ বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন চলাকালীন সময়ে শিক্ষা প্রতিষ্ঠানের কোন ক্ষয়ক্ষতি হয়নি মর্মে সভায় অবহিত করেন। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।

সিদ্ধান্ত : উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট-কে বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

ix) প্রাথমিক শিক্ষা দপ্তর :

উপজেলা শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, সরকারি প্রমাপ অনুযায়ী বিদ্যালয় পরিদর্শন কাজ চলমান রয়েছে। শিক্ষকগণ বিদ্যালয়ে যথানিয়মে আগমন ও প্রস্থান করেছেন। চলমান বর্ন্যাতদের সাহাযার্থে ১০০% শিক্ষক কর্মকর্তা/কর্মচারীবৃন্দ অংশগ্রহণ করেছে এবং ৫,৫৭,৪৮৫/- টাকা ইতিমধ্যে গণভবন শাখায় জমা দেওয়া হয়েছে। এসএমসি বাতিল করায় বর্তমানে এডহক কমিটিদ্বারা এসএমসি কার্যক্রম পরিচালিত হচ্ছে। জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ-২০২৪ এর উপজেলা পর্যায়ে যাচাই-বাছাই প্রতিযোগী আহবান করা হয়েছে। আগামী ০৩/০৯/২০২৪ তারিখের মধ্যে নির্ধারিত ফরমে তথ্য প্রদান করতে অনুরোধ করা হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।

সিদ্ধান্ত : উপজেলা শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট-কে বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

(x) সমাজসেবা বিভাগ :

উপজেলা সমাজসেবা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরের লাইভ ভেরিফিকেশন এর কাজ চলমান রয়েছে। চলতি অর্থ বছরের ন্যায় এবারো ইউপি চেয়ারম্যানগণসহ সকল স্তরের জনসাধারণকে সর্বোচ্চ সহযোগিতা বিষয়ে দৃষ্টি আকর্ষণ করা হয়। শীঘ্রই ২০২৪-২০২৫ অর্থ বছরে বয়স্ক, বিধবা, প্রতিবন্ধীসহ অন্যান্য ভাতার আবেদন শুরু হবে। প্রতিবন্ধী জরিপ কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।

সিদ্ধান্ত : উপজেলা সমাজসেবা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট-কে সকল প্রকারের ভাতা কার্যক্রম গতিশীল রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

(xi) জনস্বাস্থ্য প্রকৌশলী :

উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে ২০৮টি অগভীর নলকুপ এবং MBTW এর (৫৩+৫৬) টি অগভীর নলকূপের কাজ শেষ হয়েছে। ২০২৪-২০২৫ অর্থ বছরে ৯৬টি অগভীর নলকূপের বরাদ্দ পাওয়া গিয়াছে। বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লক নির্মাণ প্রকল্পের আওতায় ১০টির অগভীর নলকূপের কাজ শেষ হয়েছে। পিডিপি-৪ প্রকল্পের আওতায় ১৩টি ওয়াশ ব্লক নির্মাণের কাজ শেষ হয়েছে। ৪৬টি বিদ্যালয়ে ওয়াশ ব্লক এর কাজ চলমান রয়েছে। NBIDNNGPS-1 প্রকল্পের আওতায় ৩০টি ওয়াশ ব্লক এর কাজ শেষ হয়েছে। NBIDNNGPS-1 প্রকল্পের আওতায় ১৭টি ওয়াশ ব্লক এর কাজ শেষে হস্তান্তর করা হয়েছে। ০৬টি ওয়াশ ব্লক এর কাজ চলমান রয়েছে। এছাড়া তার অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।

সিদ্ধান্ত : উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালীগঞ্জ, লালমনিরহাট-কে বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

(xii) সমবায় বিভাগ :

উপজেলা সমবায় অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা সম্ভব হলো না।

সিদ্ধান্ত : উপজেলা সমবায় অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট-কে পরবর্তী সভায় উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

(xiii) মহিলা বিষয়ক দপ্তর :

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের আওতায় জুলাই ২০২৪ মাসের ২১৩৬জন উকারভোগীদের খাদ্যশষ্য বিতরণ করা হয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছরের জুলাই হতে সেপ্টেম্বর/২০২৪ পর্যন্ত ০৩ (তিন) মাস মেয়াদী WTC প্রশিক্ষণ কেন্দ্রে দর্জি বিজ্ঞান ট্রেডে ৩০জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়েছে। মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় জুলাই/২০২৪ মাসে ঋণের কিস্তি বাবদ সুদাসলসহ ৩,৫১০/- টাকা আদায় হয়েছে এবং ১,১৫,২৪৪/২৬ টাকা ব্যাংকে জমা করা হয়েছে মর্মে সভায় উপস্থাপন করেন। অত্র কার্যালয়ের অধীনে ০৮টি ইউনিয়নে অবস্থিত ০৮টি ক্লাবের ক্লাব প্রতি ২০জন কিশোরী ও ১০জন কিশোরসহ মোট ৩০জন হিসেবে ২৪০জন সংগীত ও আবৃত্তি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। জুলাই/২০২৪ মাসে জজ কোর্ট, লালমনিরহাট হতে নারী ও শিশু নির্যাতন বিষয়ে ০১টি মামলা জমা পরেছে। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

সিদ্ধান্ত : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট-কে তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

(xiv) পল্লী উন্নয়ন :

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, তার দপ্তরের আওতায় পুঁজি গঠন ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। খেলাপী ঋণ আদায়ে উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন। উপজেলা পল্লী ভবনে আগত সমবায়ী/সদস্যদের টয়লেট ব্যবহারের অসুবিধার সম্মুখীন হতে হয়। তাই টয়লেটটি মেরামত করে দেওয়ার জন্য অনুরোধ করেন এবং হলরুমে বিভিন্ন সময়ে প্রশিক্ষণ কার্যক্রম চলমান থাকায় উক্ত হলরুমটি মেরামত ও ১০টি ফ্যান বরাদ্দ প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়। তার বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।

সিদ্ধান্ত : উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট-কে তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

(xv) যুব উন্নয়ন বিভাগ :

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, চলতি অর্থবছরে এ যাবৎ প্রশিক্ষণার্থীর সংখ্যা ৪২০জন। অত্র কার্যালয় হতে ঋণ বিতরণ করা হয়েছে ২,০১,৮৪,৫০০/- (দুই কোটি এক লক্ষ চুরাশি হাজার পাঁচশত) টাকা ১০৩৭ জনের মধ্যে ঋণ বিতরণ করা হয়েছে। চলতি অর্থ বছরে ঋণ বিতরণ করা হয়েছে ১২,২৫,০০০/- (বার লক্ষ পঁচিশ হাজার) টাকা ৫৭ জনের মধ্যে। চলমান আদায়যোগ্য টাকা ১,১৫,৫০০/-, ক্রমপুঞ্জিত আদায়যোগ্য টাকা ১,৮৬,৯৬,০০০/-, চলমান আদায়কৃত টাকা ১,০৪,৬০০/- এবং ক্রমপুঞ্জিত আদায় ১,৫২,২৮,৬৮৫/- টাকা। ঋণ আদায় হার ৯১%। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভায় জানান।

সিদ্ধান্ত : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট-কে বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

(xvi) ফরেষ্টার উপজেলা বনায়ন ও নার্সারী কেন্দ্র :

ফরেষ্টার, উপজেলা বনায়ন ও নার্সারী কেন্দ্র, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, ভোটমারী ইউনিয়নের আফজাল মিয়ার বাড়ী হতে সটিপাড়া পর্যন্ত ১.০০ কিঃ মিঃ সংযোগ সড়কে, তুষভান্ডার ইউনিয়নের তুষভান্ডার রেল স্টেশনের পশ্চিম পার্শ্বে রেলক্রসিং হইতে ভোটমারী অভিমুখে ৪.০০ কি. মি., কাকিনা ইউনিয়নের কাকিনা হাটের পূর্ব দিক হতে ইশোরকোল অভিমুখে ৫.০০ কি. মি. (বাঁধ পর্যন্ত) এবং ভোটমারী ইউনিয়নের শ্রুতিধর মৌজার দরগার পাড় হতে বড়দিঘীর পাড় পর্যন্ত ২ কি. মি. পর্যন্ত রোপিত বাগানের গাছ চুক্তির শর্ত সাপেক্ষে বিধি মোতাবেক নিলাম প্রক্রিয়ার মাধ্যমে কর্তনপূর্বক সুবিধাভোগীদের মাঝে অর্থ বন্টনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় বিস্তারিত আলোচনা করেন।

সিদ্ধান্ত : ফরেস্টার, উপজেলা বনায়ন ও নার্সারী কেন্দ্র, কালীগঞ্জ, লালমনিরহাট-কে উল্লিখিত স্থানের রোপিত বাগানের গাছ চুক্তির শর্ত সাপেক্ষে বিধি মোতাবেক নিলাম প্রক্রিয়ার মাধ্যমে কর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

০৪। বিবিধ আলোচনা ও সিদ্ধান্ত :

(ক) উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, উপজেলা পরিষদ ক্যাম্পাস এর ভেতরে উপজেলা বীজ গোডাউন ও সার গোডাউন সংক্রান্ত ০২টি ঝুঁকিপূর্ণ পুরাতন ভবন রয়েছে। যা দ্রুত অপসারণের জন্য সভায় উপস্থাপন করেন এবং তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট-কে প্রাক্কলন প্রস্তুতপূর্বক কনডেম ঘোষণার প্রয়োজনীয়তা ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করেন।

সিদ্ধান্ত : উপজেলা পরিষদ ক্যাম্পাস এর ভেতরে উপজেলা বীজ গোডাউন ও সার গোডাউন সংক্রান্ত ০২টি ঝুঁকিপূর্ণ পুরাতন ভবন দ্রুত অপসারণের নিমিত্ত উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট-কে প্রাক্কলন প্রস্তুতপূর্বক কনডেম ঘোষণার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

(খ) উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, উপজেলা প্রাণিসম্পদ অফিসের পিছনে ০৫টি ঝুঁকিপূর্ণ আম গাছ, ০১টি মেহগণি গাছ ও ০১টি জাম গাছ রয়েছে যা ঝুঁকিপূর্ণ হওয়ায় ইতিপূর্বে ঝড়ে গাছের ডাল ভেঙ্গে ১টি পরিবারের টিনের চাল নষ্ট হয়ে যায়। উক্ত গাছ ০৫টি মূল্য নির্ধারণপূর্বক নিলাম প্রক্রিয়ার মাধ্যমে অপসারণ করার প্রয়োজনীয়তা ব্যবস্থা গ্রহণের জন্য ফরেস্টার, উপজেলা বনায়ন ও নার্সারী কেন্দ্র কালীগঞ্জ-কে অনুরোধ জানান।

সিদ্ধান্ত: উপজেলা প্রাণিসম্পদ অফিসের পিছনে ০৫টি ঝুঁকিপূর্ণ আম গাছ, ০১টি মেহগণি গাছ ও ০১টি জাম গাছের মূল্য নির্ধারণপূর্বক নিলাম প্রক্রিয়ার মাধ্যমে অপসারণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ফরেস্টার, উপজেলা বনায়ন ও নার্সারী কেন্দ্র কালীগঞ্জ-কে অনুরোধ জানিয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

(গ) উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরের উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় উপজেলা পরিষদের বাউন্ডারী ওয়াল এর অসামাপ্ত কাজ সমাপ্তকরণ, উপজেলা পরিষদের আওতাধীন এবং পরিষদ চত্বরের ভিতরে অবস্থানরত বিভিন্ন বিভিন্ন দপ্তরের বাউন্ডারী ওয়াল নির্মাণের এবং উপজেলা পরিষদ ভবন চত্বরের পূর্ব দিকে চাপারহাটগামী রাস্তার সাথে উপজেলা পরিষদের নিজস্ব জমিতে মার্কেট নির্মাণ করলে উপজেলা পরিষদের রাজস্ব আদায় মর্মে সভায় সকল সদস্যগণ একমত পোষণ করেন। উক্ত মার্কেট নির্মাণের নিমিত্ত উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। সভায় বিস্তারিত আলোচনান্তে সকল সদস্যগণ একমত পোষণ করলে তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। প্রকল্পসমূহ নিম্নরূপঃ

| ক্রমিক নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|
| ১. | Construction of Boundary Wall South side Beside Pond at Kaliganj Upazila Parishad. | ২৬০৮৩৫৯.০০ |
| ২. | Construction of Vertical Extension Boundary Wall at play Ground Kaliganj Upazila Parishad. | ২০৪১০৪২.০০ |
| ৩. | Construction of Boundary Wall Beside Livestock offfice Area Kaliganj Upazila Parishad. | ২৫৮০৪০৪.০০ |
| ৪. | Construction of Boundary Wall Back side (Ac Land office & Rajbari Area) at Kaliganj Upazila Parishad. | ২০৬৪৫৯৩.০০ |
| ৫. | Construction of Boundary Wall East side of Auditorium at Kaliganj Upazila Parishad. | ২০৬৩৯৭৪.০০ |
| ৬. | Construction of Boundary Wall South side Wall beside Auditorium at Kaliganj Upazila Parishad. | ২৮০২৯৮৩.০০ |
| ৭. | Construction of Barbed Wire Fencing at Upazila Boundary Wall at Kaliganj Upazila Parishad. | ২৪৭৪০১০.০০ |
| ৮. | Construction of market along the road to Chaparhat on the east side of the Upazila Parishad building premises | ৭৫০০০০০.০০ |

সিদ্ধান্ত : উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট-কে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে উল্লিখিত প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদের বাউন্ডারী ওয়াল এর অসামাপ্ত কাজ সমাপ্তকরণ, উপজেলা পরিষদের আত্ততাধীন বিভিন্ন দপ্তরের বাউন্ডারী ওয়াল নির্মাণ এবং উপজেলা পরিষদ ভবন চত্বরের পূর্ব দিকে চাপারহাটগামী রাস্তার সাথে উপজেলা পরিষদের নিজস্ব জমিতে মার্কেট নির্মাণের নিমিত্ত স্থানীয় সরকার মন্ত্রণালয়ে অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, আগস্ট ২০২৪ মাসের উপজেলা পরিষদের খাতওয়ারি ব্যয় বিল সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। সভায় খাতওয়ারি উপস্থাপনকৃত বিলসমূহ বিস্তারিত আলোচনান্তে পরিশোধের নিমিত্ত সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। সেইসাথে তিনি আরও জানান যে, সম্প্রতি বন্যায় বিভিন্ন রাস্তা-ঘাট ভেঙ্গে গিয়ে চলাচলের অনুপযোগী হওয়ায় কাকিনা, তুষভান্ডার, গোড়ল ও চলবলা ইউনিয়নের ক্ষতিগ্রস্ত রাস্তা মেরামতপূর্বক বিল ভাউচার দাখিল করেছেন। যার বিলসমূহ উপজেলা উন্নয়ন তহবিলের অপ্রত্যাশিত খাত হতে পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

সিদ্ধান্ত : উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট এর উপস্থাপনকৃত বিলসমূহ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে এবং উপজেলা উন্নয়ন তহবিলের অপ্রত্যাশিত খাত হতে পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

চেয়ারম্যান, ভোটমারী ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, ভূল্যারহাট ও বাজারের সরকারি জমির পরিমাপ সঠিকভাবে নির্ধারণের নিমিত্ত সরকারি সার্ভেয়ারদ্বার মাপযোগ করে সঠিক স্থান নির্ধারণের জন্য অনুরোধ জানান। সেইসাথে তিনি আরও জানান যে, সকল প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে কে ইউপি চেয়ারম্যানগণকে বিধি মোতাবেক কো-অপ্ট সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করার বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।

সিদ্ধান্ত : উপজেলা শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট-কে সকল প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে কে ইউপি চেয়ারম্যানগণকে সরকারি বিধি মোতাবেক কো-অপ্ট সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

চেয়ারম্যান, দলগ্রাম ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, চাপারাহাট-কাকিনাগামী রাস্তাটির অবস্থা বেহাল হওয়ায় দ্রুত মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিস্তারিত আলোচনা করেন। সেইসাথে তিনি আরও জানান যে, কালভৈরব বাজার হতে পাদুর বাজার পর্যন্ত রাস্তাটিতে জনস্বার্থে ০১টি ইউড্রেন নির্মাণ করা অতীব জরুরী হওয়ায় তিনি ইউড্রেন নির্মাণের জন্য অনুরোধ জানান।

সিদ্ধান্ত : উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট-কে চাপারাহাট-কাকিনাগামী রাস্তাটির অবস্থা বেহাল হওয়ায় দ্রুত মেরামতের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণসহ কালভৈরব বাজার হতে পাদুর বাজার পর্যন্ত রাস্তাটিতে জনস্বার্থে ০১টি ইউড্রেন নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

হাট-বাজার সম্পর্কিত আলোচনা :

উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট উপজেলার সংশ্লিষ্ট হাট-বাজারের সার্বিক উন্নয়ন ও রক্ষনাবেক্ষণের জন্য বাংলা ১৪৩০ ও ১৪৩১ বাংলা সনের হাট-বাজার ইজারা মূল্যের ১০% অর্থ হতে হাট-বাজারের উন্নয়নকল্পে ইউনিয়ন পরিষদের দাখিলকৃত প্রকল্পের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি বলেন যে, চেয়ারম্যান, ভোটমারী, মদাতী, তুষভান্ডার, দলগ্রাম, চন্দ্রপুর, গোড়ল ও চলবলা ইউনিয়ন পরিষদ কর্তৃক হাট-বাজারের উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ কল্পে কমিটির সভার কার্যবিবরণীসহ প্রকল্প প্রস্তাব দাখিল করেছেন এবং উক্ত প্রকল্পসমূহ বাস্তবায়ন করা অতিব জরুরী মর্মে সভায় সকলের মতামত ব্যক্ত করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে ১৪৩০ ও ১৪৩১ বাংলা সনের হাট-বাজার ইজারা মূল্যের ১০% অর্থ হতে হাট-বাজারের উন্নয়নকল্পে দাখিলকৃত প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। ১০% অর্থের প্রকল্পসমূহ নিম্নরুপ:

| ক্র: নং | ইউনিয়ন | হাট-বাজারের নাম | প্রকল্পের নাম | সম্ভাব্য প্রকল্প |
|---|---|---|---|---|
| ০১ | ভোটমারী | ভোটমারী হাট | ভোটমারী হাট-বাজারের মাংস হাটি পুন: নির্মাণ ও ০১ (এক) টি নলকুপ স্থাপন | ৪,৫০,০০০/- |
| | | | ভোটমারী হাট-বাজারের জবাইখানা নির্মাণ | ২,০০,০০০/- |
| ০২ | মদাতী | বাবুর হাট | বাবুর হাটের নীচু গলিগুলোতে মাটি ভরাটরকরণ | ৩,০০,০০০/- |
| | | | বাবুর হাটে লাইটিং ও সিসি ক্যামেরা স্থাপন | ২,০০,০০০/- |
| ০৩ | তুষভান্ডার | তুষভান্ডার দৈনিক বাজার | তুষভান্ডার দৈনিক বাজারের ভেতরের রাস্তাসমূহ আরসিসিকরণ | ১০,০০,০০০/ |
| | | | তুষভান্ডার দৈনিক বাজারে ০২টি শেড ঘর নির্মাণ | ১০,০০,০০০/ |
| | | | তুষভান্ডার দৈনিক বাজারে গণ শৌচাগার নির্মাণ | ৫,০০,০০০/- |
| ০৪ | দলগ্রাম | জীবের হাট | জীবের হাট বাজারের স্ট্রীট লাইট সরবরাহকরণ | ৬০,৫০০/- |
| ০৫ | চন্দ্রপুর | চাপারহাট ও বাজার | চাপারহাট ও বাজারের শেড ঘরের ফ্লোর ও পিলার টাইলসকরণ | ৫,২৫,০০০/- |
| | | | চাপারহাট হাজী আমিনের ঔষধের দোকান হতে অটো স্ট্যান্ড পর্যন্ত আরসিসি ড্রেন নির্মাণ | ৫,০০,০০০/- |
| | | | চাপারহাট আবু সাঈদ চত্বর হতে এস. কে ডিগ্রী কলেজ মোড় পর্যন্ত বিভিন্ন জায়গায় রাস্তায় এইচবিবিকরণ | ৫,০০,০০০/- |
| | | চাপারহাট ও বাজার | চাপারহাট পুরো বাজারে এক্সপোর্ট লাইট সরবরাহকরণ | ৪,০০,০০০/- |
| | | চন্দ্রপুর হাট | চন্দ্রপুর হাটের পোষ্ট অফিস হতে নওদাবাস রাস্তার মোড় পর্যন্ত ব্রীক ড্রেন নির্মাণ | ৫,০০,০০০/- |
| | | | চন্দ্রপুর হাটের ভেতরের রাস্তায় এইচবিবিকরণ | ৫,০০,০০০/- |
| | | | চন্দ্রপুর হাটের ড্রেন এর উপর স্লাব সরবরাহ | ৩,৬৮,৮৪৩/- |
| ০৬ | গোড়ল | লোহাকুচি হাট | লোহাকুচি হাট ভিতর গলি ০১টি গলি সিসিকরণ ও ০১টি পাকা ড্রেন নির্মাণ | ৬,০০,০০০/- |
| ০৭ | চলবলা | সোনারহাট-বাজার | সোনার হাটের ভিতরের গলি আরসিসিকরণ | ৬,০০,০০০/- |
| | | সুকানদিঘী হাট-বাজার | সুকানদিঘী হাটে ভিতরের রাস্তা আরসিসিকরণ | ৬,০০,০০০/- |
| ০৮ | কাকিনা | কাকিনা ভৈরব বাজার | কাকিনা ভৈরব বাজারের পানি নিষ্কাশনের জন্য ড্রেন সংস্কার, মাটি ভরাটকরণ ও স্ট্রীট লাইট স্থাপন | ৫,৯৪,১০০/- |
| | | রুদ্রেশ্বর হাট | রুদ্রেশ্বর হাটে মাটি ভরাটকরণ | ৪৮,৮০০/- |

সিদ্ধান্ত : সংশ্লিষ্ট হাট-বাজারের সার্বিক উন্নয়ন ও রক্ষণাবেক্ষণের জন্য বাংলা ১৪৩০ ও ১৪৩১ বাংলা সনের হাট-বাজার ইজারা মূল্যের ১০% অর্থ হতে হাট-বাজারের উন্নয়নকল্পে ইউনিয়ন পরিষদের দাখিলকৃত প্রকল্প বিধি মোতাবেক অনুমোদনপূর্বক বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট-কে অনুরোধ জানিয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান, চন্দ্রপুর ইউনিয়ন পরিষদ ও বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি এর আহবায়ক সভায় গত ০৫ আগস্ট বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন চলাকালীন সময়ে নিহত সকল শহীদদের আত্মার মাগফেরাত কামনা করেন। তিনি আরও জানান যে, সম্প্রতি উপজেলার বিভিন্ন স্থানে অপ্রীতিকর কিছু ঘটনা ঘটেছে যা চিহ্নিতপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট-কে অনুরোধ করেন এবং সেইসাথে সকল দপ্তর প্রধানগণকে নির্বিঘ্নে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ জানান।

পরিশেষে প্রশাসক, উপজেলা পরিষদ ও সভাপতি সকলের সাথে সকলের সু-সম্পর্ক বজায় রেখে জনসাধারণের উন্নয়কল্পে কাজ করার আহবান জানান এবং সকল দপ্তরের বিভাগীয় প্রধানগণকে দাপ্তরিক কাজকর্মে মনোযোগী হয়ে আন্তরিকতার সহিত সেবা প্রদানের জন্য পরামর্শ প্রদান করেন।

অতঃপর সভায় আর অন্য কোন আলোচনা না থাকায় সকলকে দীর্ঘায়ু ও সুস্বাস্থ্য কামনা করে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(জহির ইমাম)
তারিখঃ- ২৯-০৮-২০২৪
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
কালীগঞ্জ, লালমনিরহাট।

উপজেলা পরিষদ কার্যালয়
কালীগঞ্জ, লালমনিরহাট।

স্মারক নম্বরঃ- ০৫.৪৭.৫২৩৯.০০০.০৩.০৪৮.২৪-৬৭ (৩৫)

তারিখ: ১৪ ভাদ্র ১৪৩১ / ২৯ আগস্ট ২০২৪

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। যুগ্ম সচিব (উপজেলা), স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৪। জেলা প্রশাসক, লালমনিরহাট।
৫। উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট।
৬। উপজেলা ------------------------------------------------------------ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট।
৭। চেয়ারম্যান ---------------------------------------------------- (সকল) ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট।

২৯।৮।২৪

(জহির ইমাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কালীগঞ্জ, লালমনিরহাট।

পরিশিষ্ট ''ক'' উপস্থিতি সদস্য স্বাক্ষরের ক্রমানুযায়ী (জ্যেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

| | | | |
|---|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট | ১৩. | উপজেলা স্বাস্থ্য পঃ পঃ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ২. | চেয়ারম্যান, ভোটমারী ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট | ১৪. | উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ৩. | চেয়ারম্যান, মদাতী ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট | ১৫. | উপজেলা শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ৪. | চেয়ারম্যান, তুষভান্ডার ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট | ১৬. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ৫. | চেয়ারম্যান, দলগ্রাম, ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট | ১৭. | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ৬. | চেয়ারম্যান, চন্দ্রপুর ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট | ১৮. | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালীগঞ্জ |
| ৭. | প্যানেল চেয়ারম্যান-১, গোড়ল ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট | ১৯. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ৮. | প্যানেল চেয়ারম্যান-১, চলবলা ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট | ২০. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ৯. | প্যানেল চেয়ারম্যান-১, কাকিনা ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট | ২১. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ১০. | উপজেলা কৃষি অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট | ২২. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ১১. | উপজেলা প্রণিসম্পদ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট | ২৩. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ১২. | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট | ২৪. | ফরেস্টার,উপজেলা বনায়ন ও নার্সারী কেন্দ্র,কালীগঞ্জ,লালমনিরহাট |

পরিশিষ্ট ''খ''-তে সদস্য অনুপস্থিত দেখানো হলো :

| | |
|---|---|
| ১. | উপজেলা সমবায় অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট |